

# ঢাবি থেকে সেই ২ শিক্ষার্থী সাময়িক বহিষ্কার

অনলাইন ডেস্ক

২৮ মার্চ ২০২৩ ০৬:৪১ পিএম | আপডেট: ২৮ মার্চ

২০২৩ ০৬:৪১ পিএম



ফাইল ছবি

advertisement

ভাবমূর্তি ক্ষুণ্ণ, অসদাচরণ ও শৃঙ্খলা পরিপন্থী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) থেকে দুই শিক্ষার্থীকে সাময়িকভাবে বহিষ্কারের অনুমোদন দেওয়া হয়েছে।

আজ মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সাময়িক বহিষ্কারের এই অনুমোদন দেন।

advertisement

বহিষ্কৃত শিক্ষার্থীরা হলেন নৃবিজ্ঞান বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের কবি জসিমউদদীন হলের শিক্ষার্থী মো. নাইমুর রহমান দুর্জয় এবং অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের স্যার এ এফ রহমান হলের একই বর্ষের শিক্ষার্থী মো. সাকিব ফেরদৌস।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

advertisement

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, সাময়িকভাবে বহিষ্কৃত শিক্ষার্থীদের ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কেন স্থায়ীভাবে বহিষ্কার করা হবে না মর্মে পত্রপ্রাপ্তির সাত কার্যদিবসের মধ্যে লিখিত জবাব দিতে বলা হয়েছে।

### **আরও পড়ুন: গবেষণায় বিশেষ অবদানে ডিন'স অ্যাওয়ার্ড পেলেন শাবির ৪ শিক্ষক**

প্রসঙ্গত, গত ২৬ মার্চ শাহবাগ থানায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০ ছাত্রের নাম উল্লেখসহ অজ্ঞাতনামা ছয় থেকে সাত জনের বিরুদ্ধে হত্যার উদ্দেশ্যে হামলার অভিযোগে মামলা করেন ভুক্তভোগী ছাত্র জোবায়ের ইবনে হুমাযুনের মা সাদিয়া আফরোজ খান। এই পরিপ্রেক্ষিতে নাইমুর রহমান দুর্জয় ও সাকিব ফেরদৌসকে গ্রেপ্তার করে শাহবাগ থানা পুলিশ।

পরদিন তাদের আদালতে হাজির করে তদন্তের স্বার্থে তাদের কারাগারে আটক রাখার আবেদন করেন মামলার তদন্ত কর্মকর্তা শাহবাগ থানার উপপরিদর্শক (নিরস্ত্র) রাশেদুল আলম। শুনানি শেষে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মাহবুব আহমেদ তাদের কারাগারে পাঠানোর আদেশ দেন। একই সঙ্গে মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য আগামী ৯ মে দিন ধার্য করেছেন আদালত।